মেহেরপুরে হজযাত্রীদের একদিনের প্রশিক্ষণ কর্মশালা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতায় এবং মেহেরপুর জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় ২০২৫ সালের হজযাত্রীদের জন্য একদিনের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় এই কর্মশালার আয়োজন করা হয়।

বুধবার সকাল সাড়ে ৯টায় মেহেরপুর জেলা মডেল মসজিদ ও ইসলামিক ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সুপারভাইজার মোহাম্মদ আমানুল্লাহ এবং পবিত্র কুরআন তেলাওয়াত করেন মাওলানা আব্দুল হামিদ।

কর্মশালায় ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ. জে. এম. সিরাজুম মনিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক সিফাত মেহনাজ। তিনি হজযাত্রীদের উদ্দেশে বলেন, “আমরা সবাই আল্লাহর মেহমান, আল্লাহর জন্যই হজে যাচ্ছি। আল্লাহর উপর ভরসা রেখে সুস্থভাবে হজ পালন করুন এবং ফিরে এসে দেশ ও পরিবারের জন্য দোয়া করুন।”

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সিভিল সার্জন ডা. এ. কে. এম. আবু সাঈদ। তিনি বলেন, “হজযাত্রীদের যথাযথ স্বাস্থ্য পরীক্ষা এবং মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা টিকা গ্রহণ বাধ্যতামূলক। স্বাস্থ্য সনদ গ্রহণ করে নির্ধারিত টিকাদান কেন্দ্রে উপস্থিত থাকার অনুরোধ করছি।”

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জেলা নির্বাচন কর্মকর্তা ওয়ালিউল্লাহ, অতিরিক্ত জেলা পুলিশ সুপার আব্দুল করিম এবং ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেইনার মাওলানা মো. আব্দুল হামিদ।

প্রশিক্ষণে মেহেরপুর জেলার মোট ১৯০ জন হজযাত্রীর মধ্যে ১৫২ জন অংশগ্রহণ করেন। সকাল ৯টা ৩০ মিনিট থেকে বিকেল ৪টা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চলে।

ফিলিস্তিনে গণহত্যার প্রতিবাদে মেহেরপুরে বিএনপির গণমিছিল

গাজা ও রাফায় ইসরায়েলি বর্বরোচিত গণহত্যা বন্ধের দাবিতে, নির্যাতিত ফিলিস্তিনিদের প্রতি সংহতি জানিয়ে ও ইসরায়েলি আগ্রাসনের প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপি এক গণমিছিলের আয়োজন করে।

শনিবার বিকেল ৫টার দিকে কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে মেহেরপুর শহরের বামুনপাড়া পন্ডের ঘাট এলাকা থেকে মিছিলটি বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলি বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।

গণমিছিলে গাজায় ইসরায়েলি গণহত্যার প্রতিবাদে নানা ধরনের স্লোগান দেওয়া হয়।

এ সময় মিছিলে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সাবেক দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবু ওবাইদুল্লাহ সেন্টু, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা জাসাসের সভাপতি মাহফুজুর রহমান অশেষ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি,সহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

এর আগে পন্ডের ঘাট এলাকায় মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে এক বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন বলেন, “ফিলিস্তিনে অবিলম্বে গণহত্যা বন্ধ করতে হবে। জাতিসংঘকে অবশ্যই ইসরায়েলের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিতে হবে। সারা বিশ্বের মুসলিম উম্মাহকে ঐক্যবদ্ধ হয়ে ইসরায়েলকে রুখে দাঁড়াতে

হবে। ইসরায়েলের পণ্য বর্জন করতে হবে।”

মেহেরপুরে আল্লাহ ও ধর্ম নিয়ে কটুক্তিকারী দুজন গ্রেফতার

মেহেরপুরে ধর্ম ও আল্লাহকে নিয়ে কটুক্তি ও ফিলিস্তিনি হামলার স্বপক্ষে পোস্টদানকারী দুইজনকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল বুধবার তাদেরকে গনপিটুনী দিয়ে পুলিশে সোপর্দ করেন স্থানীয়রা। তাদের বিরুদ্ধে সদর থানায় মামলা হওয়ায় ওই মামলায় গ্রেফতার দেখিয়ে তাদেরকে আদালতে প্রেরণ করা হয়েছে।

গ্রেফতারকৃতরা হচ্ছে- মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের মশিউর রহমান কালুর ছেলে চঞ্চল মাহামুদ(২৯) ও গাংনী উপজেলার সহোগলপুর গ্রামের বাবলু রহমানের ছেলে হাফিজুল ইসলাম(২৭)।

মেহেরপুর সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন জানান, সামাজিক যোগাযোগ মাধ্যমে ফিলিস্তিনে হামলার স্বপক্ষে কথা বলায় এবং ইসলাম ধর্ম নিয়ে কটুক্তি করায় চঞ্চল মাহমুদ নামে এক ব্যক্তির বিরুদ্ধে এক মানববন্ধনের আয়োজন করা হয়। মানববন্ধনে চঞ্চলের সর্বোচ্চ শাস্তির দাবি জানাই বক্তারা। মানববন্ধন করার আগেই পুলিশ চঞ্চল মাহমুদকে গ্রেফতার করে।

অপরদিকে মানববন্ধন চলাকালে সেখানে উপস্থিত হয়ে আল্লাহ তায়ালাকে নিয়ে কটুক্তি করার হাফিজুর রহমান নামে এক যুবককে গণধোলাই দিয়ে পুলিশে সোপর্দ করে স্থানীয় জনগণ।

এদের দুজনের বিরুদ্ধে সদর থানায় পৃথক দুটি মামলা রুজু করা হয়।

মেহেরপুরে আল্লাহকে নিয়ে কটূক্তি, যুবককে গণধোলাই

মেহেরপুর শহরে আল্লাহকে নিয়ে কটূক্তি করায় হাফিজুল ইসলাম (৩৫) নামের এক রিকশাচালককে গণধোলাই দিয়ে পুলিশের হাতে সোপর্দ করেছে জনতা।

বুধবার (৯ এপ্রিল) দুপুরে মেহেরপুর প্রেসক্লাবের সামনে এই ঘটনা ঘটে। হাফিজুল মেহেরপুরের গাংনী উপজেলার সহোগলপুর গ্রামের বাসিন্দা এবং বাবলুর ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনার সময় মেহেরপুর প্রেসক্লাবের সামনে ইসলাম, মুসলিম, ঈমান ও ফিলিস্তিন বিষয়ে কটূক্তির প্রতিবাদে মানববন্ধন চলছিল। এ মানববন্ধনটি মেহেরপুরের আলোচিত নাস্তিক চঞ্চল আহমেদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে আয়োজন করে জেলা তৌহিদী জনতা।

মানববন্ধন চলাকালীন হাফিজুল রিকশা চালিয়ে পাশ দিয়ে যাওয়ার সময় আল্লাহকে নিয়ে আপত্তিকর মন্তব্য করলে উপস্থিত জনতা ক্ষুব্ধ হয়ে তাকে ধরে গণধোলাই দেয়। পরে তাকে সদর থানা পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেসবাহ উদ্দীন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

প্রসঙ্গত, এর আগে মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের চঞ্চল আহমেদ তার ব্যক্তিগত ফেসবুক আইডিতে ইসলাম, ধর্ম ও ফিলিস্তিন নিয়ে কটূক্তি করেন। তারও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা খেলাফত মজলিসের সভাপতি মুফতি হুসাইন আহমাদ, সাধারণ সম্পাদক মুফতি মিনারুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মুফতি মাহবুবুর রহমানসহ স্থানীয় তৌহিদী জনতা।

ইসরাইলের গণহত্যার প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

ইসরাইলের বর্বরোচিত গণহত্যার প্রতিবাদে মানববন্ধন, বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুরের গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের সাধারণ জনগণ।

বুধবার সকালে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাঁড়াডোব বাজারে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আখেরুজ্জামান। বক্তব্য রাখেন স্থানীয় রাজনীতিক আনসারুল হক, স্কুল শিক্ষক আব্দুর রকিবসহ আরও অনেকে।

বক্তারা বলেন, গাজায় গণহত্যা চলমান থাকলেও বিশ্ব বিবেক আজ নীরব। মানবাধিকার সংগঠনগুলোর এই নীরবতা প্রশ্নবিদ্ধ। তারা বলেন, এখন সময় এসেছে শক্তি সঞ্চয় করে প্রতিরোধ গড়ে তোলার।

সমাবেশ থেকে বক্তারা ইসরাইলের সকল ধরণের পণ্য বয়কট করার আহ্বান জানান এবং আন্তর্জাতিক মহলের দৃষ্টি আকর্ষণ করেন।

চঞ্চলের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মেহেরপুরে মানববন্ধন

ইসলাম, মুসলিম, ঈমান ও ফিলিস্তিন নিয়ে কটুক্তির প্রতিবাদে চঞ্চল মাহমুদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন করেছে মেহেরপুর জেলার তৌহিদী জনতা।

বুধবার (৯ এপ্রিল) সকাল ১০টার দিকে মেহেরপুর প্রেসক্লাবের সামনে

এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলার তৌহিদী জনতার ব্যানারে এ কর্মসূচির আয়োজন করা হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, অভিযুক্ত ব্যক্তি বর্তমানে গ্রেপ্তার অবস্থায় রয়েছে যার জন্য প্রশাসনের তাৎক্ষণিক পদক্ষেপে আমরা কৃতজ্ঞ। তবে এত বড় অপরাধের জন্য শুধু গ্রেপ্তারই যথেষ্ট নয়। আমরা চাই, তার বিরুদ্ধে যথাযথ আইনি প্রক্রিয়ায় দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা হোক, যাতে ভবিষ্যতে কেউ এমন ধৃষ্টতা করার সাহস না পায়।

তারা আরও বলেন, ইসলাম ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে জড়িত নাস্তিক চঞ্চল মাহমুদকে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড দেওয়া হোক।

মানববন্ধনে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা খেলাফত মজলিশের সভাপতি মুফতি হুসাইন আহমাদ, সেক্রেটারি মুফতি মিনারুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মুফতি মাহবুবুর রহমান, কুতুবপুর ইউনিয়নের শৈলমারি ২নং ওয়ার্ডের সভাপতি মো. খায়রুল ইসলাম, জেলা নাগরিক কমিটির সদস্য হাসনাতসহ স্থানীয় তৌহিদী জনতা।

ফিলিস্তিনে বর্বরোচিত গণহত্যার প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ সমাবেশ

ফিলিস্তিনের অসহায়, নিরীহ মানুষের উপর দখলদার বর্বর ইসরাইলের হামলার প্রতিবাদে ও হামলা বন্ধের দাবীতে মেহেরপুরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ এপ্রিল) বিকাল সাড়ে ৫ টার সময় এ বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর কোর্ট মসজিদ প্রাঙ্গণ থেকে সর্বস্তরের জনগনের উপস্থিতিতে আয়োজিত এই বিক্ষোভ মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর প্রেসক্লাবের সামনে প্রতিবাদ সমাবেশ

অনুষ্ঠিত হয়।

বক্তরা ফিলিস্তিনিদের প্রতি ইসরাইলের মানবাধিকার লঙ্ঘন এবং বর্বর হামলার তীব্র নিন্দা জানিয়ে তাদের আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়ে বক্তারা বলেন, “ফিলিস্তিনের নিরীহ মানুষদের উপর ইসরাইলের আক্রমণ নিঃসন্দেহে মানবাধিকারের লঙ্ঘন এবং এটি বিশ্বব্যাপী সমালোচনার সৃষ্টি করেছে।”

বক্তারা আরও বলেন, ইসরাইলের পণ্য বর্জন এবং এর বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করার দাবি জানিয়ে বলেন, “বিশ্ববাসী যদি ইসরাইলের অব্যাহত বর্বরতা থামাতে না পারে, তবে আমাদের প্রতিবাদ আরও তীব্র হবে।”

এ সময় উপস্থিত ছিলেন, জেলা জামায়াতের সেক্রেটারী ইকবাল হুসাইন, জামায়াতের জেলা নায়েবে আমীর মাওলানা মাহবুবুল আলম, জেলা জামায়াতের রাজনীতি সেক্রেটারী কাজী রুহুল আমীন, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, পৌর আমীর সোহেল রানা ডলার, মেহেরপুর জেলা শাখার খেলাফত মজলিসের সভাপতি হুসাইন আহমেদ, মেহেরপুর জেলা শাখার শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, জেলা জামায়াতের ব্যবসায়ী বিভাগের সভাপতি সাইফুল ইসলাম সহ জেলা ও উপজেলা নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে পবিত্র ঈদের নামাজ আদায়

এক মাস সিয়াম সাধনার পর ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে মেহেরপুরে ঈদুল ফিতর উদযাপিত হয়েছে।

সোমবার মেহেরপুর জেলার প্রতিটি গ্রামে সকাল ৭টা ৩০ মিনিট থেকে ১০টা পর্যন্ত পৃথক পৃথক ঈদের জামাত অনুষ্ঠিত হয়।

এদিকে, ঈদগাহ কমিটি নিয়ে দ্বন্দ্বের জেরে কড়া নিরাপত্তার মধ্য

দিয়ে গাংনী কেন্দ্রীয় ঈদগাহে ঈদের জামায়াত অনুষ্ঠিত হয়। ঈদগাহ কমিটি নিয়ে বেশ কয়েকদিন ধরে উত্তেজনা চলছিল। এ পরিস্থিতিতে রবিবার গাংনী উপজেলা প্রশাসন, পুলিশ, র্যাব ও সেনাবাহিনীর সমন্বয়ে কয়েক দফা মিটিং অনুষ্ঠিত হয়। মিটিংয়ে সিদ্ধান্ত হয় যে, ঈদের জামায়াতে কোনো স্থানীয় বিশিষ্ট মুসল্লি ঈদ শুভেচ্ছা বা বক্তব্য রাখতে পারবেন না। সে মোতাবেক জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদিও হাসান শামীম ঈদের জামায়াতের ইমামের খুতবার পর সংক্ষিপ্ত বক্তব্য দেন। এ সময় পুলিশ, র্যাব, সেনাবাহিনী ও জেলা প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর আগে, গাংনীর আওয়ামী লীগের বিশিষ্ট নেতা হাজী মহা. মহসিন আলী গাংনী কেন্দ্রীয় ঈদগাহ কমিটির সভাপতির দায়িত্ব পালন করছিলেন। সম্প্রতি ওই কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ৬ মাসের জন্য অ্যাড-হক কমিটি গঠন করা হয়েছে। এতে আহ্বায়ক নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডা. মো. রবিউল ইসলাম।

এদিকে, মেহেরপুর কেন্দ্রীয় ঈদগাহে সকাল ৮টায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠিত হয়। এতে জেলার বিভিন্ন পর্যায়ের রাজনৈতিক নেতা, জনপ্রতিনিধি, জেলা প্রশাসনের কর্মকর্তাসহ ধর্মপ্রাণ মুসল্লিরা নামাজ আদায় করেন।

দ্বিতীয় প্রধান জামাত সকাল ৮টা ১৫ মিনিটে পুরাতন ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত হয়। এছাড়া, সকাল ৮টা ৪৫ মিনিটে কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে কয়েক হাজার নারী ঈদের নামাজ আদায় করেন।

এছাড়া, গাংনী মডেল মসজিদ ও চৌগাছা ঈদগাহ ময়দানেও বড় ঈদের জামায়াত অনুষ্ঠিত হয়েছে।

নামাজ শেষে দেশ ও জাতির শান্তি কামনা এবং ফিলিস্তিনি মুসলমানদের জন্য বিশেষ মোনাজাত করা হয়।

মেহেরপুর শহরে কোথায় কখন ঈদের জামায়াত

মেহেরপুর শহরে পবিত্র ঈদুল ফিতরের নামাজের জামায়াত বিভিন্ন স্থানে অনুষ্ঠিত হবে। ধর্মপ্রাণ মুসল্লিদের সুবিধার্থে শহরের বিভিন্ন স্থানে জামায়াতের সময়সূচি নির্ধারণ করা হয়েছে।

প্রধান ঈদ জামায়াত অনুষ্ঠিত হবে পৌর ঈদগাহে সকাল ৮ টায়।

মেহেরপুর শহরের গুরুত্বপূর্ণ ঈদ জামায়াতের সময়সূচি, পুরাতন ঈদগাহ ময়দান- সকাল ৮:১৫, কোর্ট মসজিদ প্রাঙ্গণ – সকাল ৮:৩০, জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র – সকাল ৭:৪৫, থানা মসজিদ প্রাঙ্গণ – সকাল ৭:৩০, মহিলাদের জামায়াত (পৌর ঈদগাহ) – সকাল ৮:৪৫, আহলে হাদিস জামায়াত (শামজুজ্জোহা পার্ক প্রাঙ্গণ) – সকাল ৬:৪৫, উপজেলা মডেল মসজিদ – সকাল ৮:৩০ মিনিটে ঈদের জামাত অনুষ্ঠিত হবে।

ঈদের খুশি সবার মাঝে ছড়িয়ে পড়ুক, এই কামনায় মেহেরপুর প্রতিদিন এর পক্ষ থেকে সবাইকে ঈদ মোবারক!

মহান স্বাধীনতা দিবসে গাংনীতে জাতীয় নাগরিক পার্টির ইফতার

মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে মেহেরপুরের গাংনীতে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি’র) আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ ২৬ শে মার্চ বুধবার গাংনীর একটি রিসোর্টে ফ্যাসিবাদ বিরোধী রাজনীতিবিদ, মুক্তিযোদ্ধা, ছাত্র-শ্রমিক, জনতা, পেশাজীবী, অ্যাক্টিভিস্ট, ওলামায়ে কেরাম, সাংবাদিক ও বিভিন্ন শ্রেণীর নাগরিকদের সম্মানে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

জাতীয় নাগরিক পার্টি-এনসিপি’র গাংনী উপজেলা শাখার উদ্যোগে আয়োজিত এই ইফতার মাহফিলে সভাপতিত্ব করেন বৈষম্য বিরোধী ছাত্র

আন্দোলনের মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোজাহিদুল ইসলাম। ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্য রাখেন, জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় যুগ্ম সমন্বয়ক ও সুপ্রীম কোর্টের আইনজীবি শাকিল আহমাদ।

এ সময় তিনি বলেন, ফ্যাসিবাদ বিরোধী রাষ্ট্র গঠনে ও বাংলাদেশকে দুর্নীতিমুক্ত করতে প্রয়োজনে নিজের বুকের রক্ত আরো একবার ঢেলে দেব। তবু বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্বকে ভূলুণ্ঠিত হতে দেওয়া যাবে না।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার সামসুল আলম সোনা, গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার রবিউল ইসলাম, জেলা জামায়াতের সূরা সদস্য নাজমুল হুদা, জেলা বিএনপির সাবেক সহ-সাংগাঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহ, আলম হুসাইন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার ইমতিয়াজ আহমেদ।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার যুগ্ম সদস্য সচিব শামীম আহমেদ আযম ও সদস্য আব্দুল্লাহ আল আসাদের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে মোজাহিদুল ইসলাম বলেন, জুলাই গণঅভ্যুত্থানের পর বাংলাদেশ যে দ্বিতীয় স্বাধীনতা পেয়েছে তার স্বাদ আপামর জনসাধারণের মাঝে পৌঁছে দিতে হবে। ‘বাংলাদেশ প্রথম’ এই রাজনীতিক দর্শনকে কেন্দ্র করেই জাতীয় নাগরিক পার্টি সামনের দিকে এগিয়ে যাবে ইনশাল্লাহ।

অনুষ্ঠানে গাংনী উপজেলার জাতীয় নাগরিক পার্টির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।